গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪,আবদুল গনি রোড,ঢাকা।
**www.rd.gov.bd**

**শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব শহীদুল আলম ঝিনুক, মহা-পরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ ঢাকা। |
| সভার তারিখ | ঃ ০৯-১১-২০২২খ্রিঃ। |
| স্থান | ঃ বঙ্গতাজ অডিটরিয়াম, গাজীপুর। |
| সভার সময় | ঃ ২.০০ দুপুর |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট (স্বক্ষরের ক্রমানুসারে) |

আলোচনা ঃ

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে গাজীপুর জেলায় আয়োজিত অংশীজন সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু হয়। সভার শুরুতেই তিনি জাতির জনক বঙ্গবন্ধু সহ মহান মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতপরঃ তিনি আজকের এই সভার প্রেক্ষাপট, লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন। জনবান্ধব নিবন্ধন ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য তিনি উপস্থিত অংশীজনদের কার্যকর আলোচনা করার আহবান জানান।

অতপর তিনি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) কে আলোচ্যসূচীর বিষয় উপস্থাপন করার জন্য বলেন।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় শুদ্ধাচার ও সুশাসন সংক্রান্ত নিবন্ধন অধিদপ্তরের কার্যক্রম সংক্ষিপ্তাকারে উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচ্য সূচী অনুযায়ী সভায় উপস্থিত সর্বজনাব ১. সুলতান আহমেদ, আইনজীবী ও সেবাগ্রহীতা, ২. আইনুল ইসলাম, গণমাধ্যম কর্মী ও সেবাগ্রহীতা, ৩. রায়হান মিয়া, দলিল লেখক, সদর সাব-রেজিস্ট্রি অফিস, গাজীপুর, ৪. সারওয়ার হোসেন, তল্লাশ কারক, সদর মহাফেজখানা, গাজীপুর, ৫.শফিকুল ইসলাম ভূঞা, দলিল লেখক, সদর সাব-রেজিস্ট্রি অফিস, গাজীপুর, ৬. হামিদুল হক, তল্লাশ কারক ও দলিল লেখক, ৭. মোঃ শহীদুল ইসলাম, ব্যাংক কর্মকর্তা ও সেবা গ্রহীতা, ৮. সামসুল হক নিপুন, গণমাধ্যম কর্মী ও সেবা গ্রহীতা, ৯. হালিম ভূঞা, শিক্ষানবীশ আইনজীবী ও সেবা গ্রহীতা সহ আলোচনায় অংশ নিয়ে বিস্তারিত অলোচনার পর নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা বাস্তবায়ন। | নিবন্ধন অধিদপ্তরের আওতাধীন প্রতিটি অফিসে শুদ্ধাচার ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, শুদ্ধাচার কর্ম পরিকল্পনা সফল ভাবে বাস্তবায়নের জন্য কর্ম পরিবেশ উন্নয়ন এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম গ্রহনের সিদ্ধান্ত হয়। | জেলা রেজিস্ট্রার, গাজীপুর ও সাব-রেজিস্ট্রার (সকল) গাজীপুর। |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টারের তথ্যাদি হালনাগাদ করন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর জেলা রেজিস্ট্রার কার্যালয় এবং প্রতিটি সাব-রেজিস্ট্রার কার্যালয়ে জনসম্মুখে ও দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। মহা-পরিদর্শক, নিবন্ধন মহোদয় সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার নির্দেশ দেন। | জেলা রেজিস্ট্রার, গাজীপুর ও সাব-রেজিস্ট্রার (সকল) গাজীপুর। |
| ৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা। | এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর প্রতিটি কার্যালয়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত মতামত রেজিস্ট্রার খোলার এবং হেল্প ডেস্ক স্থাপনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | জেলা রেজিস্ট্রার, গাজীপুর ও সাব-রেজিস্ট্রার (সকল) গাজীপুর। |

*(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)*

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪ | তথ্য অধিকার আইন ২০০৯ | এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা রেজিস্ট্রার, গাজীপুর ও সাব-রেজিস্ট্রার (সকল) গাজীপুর। |
| ৫ | বিবিধ | সভায় উপস্থিত সেবা গ্রহীতা ও গণমাধ্যম কর্মী জনাব আইনুল ইসলাম দলিলের নকল দ্রুত প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের উদ্যোগ নেয়া হবে মর্মে সদর সাব-রেজিস্ট্রার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (সদর মহাফেজখানা) সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনার পর আবেদনের ৭ (সাত) দিনের মধ্যে দলিলের নকল সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা রেজিস্ট্রার, গাজীপুর ও সাব-রেজিস্ট্রার (সকল) গাজীপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/১১/২০২২

(শহীদুল আলম ঝিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা
ও
সভাপতি, অংশীজন সভা।

স্মারক নং-১০.০৫.০০০০.০০৫.৯৯.০০১.২২- ৫৪৯(৯)

তারিখ ঃ ১৮/১১/২০২২ খ্রিঃ

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হ'ল ঃ-

১। জনাব উম্মে কুলসুম, যুগ্ম সচিব (মতামত) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২। জনাব বীর জ্যোতি চাকমা, সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব মোঃ আব্দুস ছালাম আজাদ, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, রাজশাহী বিভাগ।
৪। জনাব খন্দকার হুমায়ূন কবীর, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, বরিশাল বিভাগ।
৫। জনাব মোঃ আশরাফুজ্জামান, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, চট্টগ্রাম বিভাগ।
৬। জনাব মুশতাক আহমেদ, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, সিলেট বিভাগ।
৭। জেলা রেজিস্ট্রার, গাজীপুর, অংশীজন সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন পূর্বক পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের নির্দেশ দেয়া হ'ল।
৮। সাব-রেজিস্ট্রার (সকল), গাজীপুর, অংশীজন সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন পূর্বক পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন জেলা রেজিস্ট্রারের মাধ্যমে প্রেরণের নির্দেশ দেয়া হ'ল।
৯। অফিস কপি।

(মোঃ জিয়াউল হক)
রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক
খুলনা বিভাগ
নিবন্ধন অধিদপ্তর, ঢাকা
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা এপিএ।